

ঢাবিতে ছাত্রলীগের কেন্দ্রীয় সহসভাপতি আটক

অনলাইন ডেস্ক




সংগৃহীত ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) ‘ঠিকাদারির টাকা’ নিতে এসে আটক হয়েছেন নিষিদ্ধ সংগঠন ছাত্রলীগের কেন্দ্রীয় সংসদের সাবেক সহসভাপতি রাকিবুল ইসলাম রাকিব।

আজ রবিবার (১৭ আগস্ট) দুপুরে তিনি আটক হন। পরে তাকে বিশ্ববিদ্যালয়ের প্রক্টরিয়াল টিমের কাছে হস্তান্তর করা হয়।

পড়ুন



‘টাকা না থাকলে বউ ছেড়ে যাবে, তাই মরে গেলাম’

রাকিব কবি জসীম উদ্দীন হলের ২০০৯-১০ সেশনের ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের শিক্ষার্থী ছিলেন।

তিনি ছাত্রলীগের জয়-লেখক কমিটির সহসভাপতি ছিলেন।

জানা যায়, আওয়ামী লীগ সরকারের পতনের আগে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ঠিকাদারির কাজ করতেন রাকিবুল ইসলাম রাকিব। আজ দুপুরে রেজিস্ট্রার ভবনে সেই টিকা ‘ঠিকাদারির টাকা’ নিতে এসেছিলেন তিনি। পরে তাকে চিনতে পরে আটক করেন ছাত্ররা।